

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৯৬
উদয়পুর, ২৩ নভেম্বর, ২০২৩

টেপানিয়া ব্লকভিত্তিক যুব উৎসব

দেশের সার্বিক বিকাশে যুব শক্তিকে তৈরী করতে হবে : অর্থমন্ত্রী

যুবক যুবতীদের মধ্যে লুকিয়ে থাকা সুপ্ত প্রতিভাকে বিকশিত করতে যুব উৎসবের আয়োজন করা হয়। দেশের সার্বিক বিকাশে যুব শক্তিকে তৈরী করতে হবে। টেপানিয়া কলোনী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আজ টেপানিয়া ব্লকভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা বলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী আরও বলেন, যুব শক্তিকে সঠিকভাবে তৈরী করতে পারলে দেশ শক্তিশালী ও সুরক্ষিত থাকবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতকে স্বনির্ভর রাষ্ট্র হিসাবে গড়ে তোলার জন্য কাজ করছেন। স্থানীয় সম্পদগুলিকে সঠিকভাবে কাজে লাগানোর জন্য ভোকাল ফর লোকালের উপর গুরুত্ব দিয়েছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, গোমতী জেলার জেলাশাসক তডিং কান্তি চাকমা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপঅধিকর্তা বণজিৎ বাগচী প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন টেপানিয়া ব্লকের বিডিও দিব্যশ্রী দাসগুপ্তা। সভাপতিত্ব করেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বর্গারানী দাস। ব্লকভিত্তিক প্রতিযোগিতামূলক অনুষ্ঠানে ব্লকের বিভিন্ন পঞ্চায়েত থেকে যুবারা দলগত ও একক লোকসংগীত, দলগত ও একক লোকনৃত্য, আবৃত্তি, একাঙ্ক নাটক ও ফটোগ্রাফি প্রতিযোগিতায় অংশ নেন।
